

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০১৩.১৯.১৩৩

তারিখ: ১৭ কার্তিক ১৪২৯

০২ নভেম্বর ২০২২

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভৌত ও একাডেমিক সুবিধা বৃদ্ধিকরণ (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ (এক) বছর মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র: ২০.০২.০০০০.০১৬.১৪.০৬০.১৫-৩১৪, তারিখ: ১৬/১০/২০২২ খ্রি:

আমি, নিম্নস্বাক্ষরকারী, নির্দেশক্রমে জুলাই ২০১৫ হতে জুন ২০২২ মেয়াদে ২৮৩৬৭.০০ লক্ষ প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নধীন “নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভৌত ও একাডেমিক সুবিধা বৃদ্ধিকরণ (২য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ জুন ২০২৩ পর্যন্ত বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন নিম্নোক্ত শর্তে জ্ঞাপন করছি:

সুপারিশ:

(ক) বর্ধিত মেয়াদে প্রকল্পের সকল প্যাকেজের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার নিমিত্ত দ্রুততম সময়ে অবশিষ্ট ৪টি অঞ্জোর কার্যক্রম (কেন্দ্রীয় মসজিদ, স্টাফ কোয়ার্টার্স নির্মাণ, উপ-কেন্দ্রসহ বৈদ্যুতিক লাইন স্থাপন এবং বৈজ্ঞানিক ল্যাব যন্ত্রপাতি ক্রয়) সম্পাদনে প্রকল্প কর্তৃপক্ষ কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন। পরবর্তীতে এ প্রকল্পের আর মেয়াদ বাড়ানো সমীচীন হবে না;

(খ) প্রকল্পের আওতায় ৩য় একাডেমিক ও কেন্দ্রীয় গবেষণাগার ভবন (১০ তলা ভিতে ১০ তলা) নির্মাণ কাজটি ঠিকাদার চুক্তি অনুযায়ী বাস্তবায়ন না করায় চুক্তি বাতিল করা হয়েছে। এ পর্যায়ে উক্ত প্যাকেজের কাজ স্থগিত হওয়ায় প্রকল্পের ইন্টারনাল রেট অব রিটার্ন (IRR) ব্যহত হয়েছে এবং উপকারভোগীরা ক্ষতিগ্রস্ত হয়েছে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ঠিকাদারী প্রতিষ্ঠান নির্বাচনে আরো যত্নবান ও দায়িত্বশীল হতে হবে। এছাড়া প্রকৃত নির্মাণ কাজ ও ঠিকাদারী প্রতিষ্ঠানকে বিল প্রদান যথাযথ প্রক্রিয়ায় পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণের বিষয়টি নিরূপণপূর্বক নিশ্চিত করা প্রয়োজন। এ বিষয়টি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(গ) প্রকল্পে নির্মাণাধীন হাউজ টিউটর ও প্রভোস্ট কোয়ার্টার্স ভবনের (১০তলা ভিতের উপর ১০তলা) দেয়ালের (Wall) কিছু কিছু জায়গায় সঁাতসঁাতে (Damp) অবস্থা পর্যবেক্ষণ করা হয়েছে। নির্মাণাধীন

হাউজ টিউটর ও প্রভোস্ট কোয়ার্টার্স ভবনসহ অন্যান্য ভবনের দেয়ালে (Wall) কেন স্যাতসেঁতে (Damp) হয়েছে তার কারণ সনাক্ত করে সেগুলোর প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঘ) নির্মাণাধীন স্টাফ কোয়ার্টার্স ভবনে (১০ তলা ভিত্তে ১০ তলা) কলামের হানিকম্ব গুলোর যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ভবনের কলামে যাতে হানিকম্ব সৃষ্টি না হয় সে বিষয়ে নির্মাণ কাজে সংশ্লিষ্টদের আরো দায়িত্বশীল হতে হবে;

(ঙ) প্রকল্পের অধীনে নির্মিত শিক্ষক ও কর্মকর্তা কোয়ার্টার্স ভবন এবং হাউজ টিউটর ও প্রভোস্ট অর্থ কোয়ার্টার্সগুলোর কাজ সমাপ্ত হলেও এখনো স্টেকহোল্ডারদের মধ্যে বরাদ্দ প্রদান করা হয়নি। এক্ষেত্রে ভবনগুলো ব্যবহার না করায় ভবনগুলোর উপযোগিতা নষ্ট হচ্ছে এবং ভবনের স্থায়িত্ব হ্রাস পাচ্ছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে দ্রুততম সময়ে ভবনগুলো স্টেকহোল্ডারদের মধ্যে বরাদ্দ করতে হবে;

(চ) প্রকল্পটি বর্ধিত মেয়াদ জুন, ২০২৩ এর মধ্যে অবশিষ্ট ২০% কাজ সমাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিতকরণসহ নির্মাণ কাজের কাঙ্ক্ষিত গুণগতমান বজায় রাখতে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে;

(ছ) যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে এক অঙ্গের অর্থ অন্য অঙ্গে ব্যয় করা যাবে না এবং অঙ্গ ও অঙ্গভিত্তিক ব্যয়ের কোন পরিবর্তন করা যাবে না; এবং

(জ) প্রতিবেদনের সুপারিশ 'ক' থেকে 'ছ' আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে আইএমইডিকে অবহিত করতে হবে।

...

*Rashid*

২-১১-২০২২

আসমা নাসরীন

উপসচিব

ইমেইল:

planning.sec4@shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০১৩.১৯.১৩৩/১

তারিখ: ১৭ কার্তিক ১৪২৯


০২ নভেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫) চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ৬) উপাচার্য, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী।
- ৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) প্রকল্প পরিচালক, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভৌত ও একাডেমিক সুবিধা বৃদ্ধিকরণ (২য় সংশোধিত) প্রকল্প, নোয়াখালী।

৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১০) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



২-১১-২০ ২২

আসমা নাসরীন

উপসচিব